

১৪২

নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন  
২০১৮-২০১৯

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রশাসনাবীন ০৯ টি স্বায়ত্তশাসিত সংস্থার নিয়মানুগ নিরীক্ষা

অর্থবছরঃ ২০১৬-২০১৭ খ্রিঃ  
ও  
অর্থ বছরঃ ২০১৭-২০১৮ খ্রিঃ

ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক নিরীক্ষা অধিদপ্তর

জুন - ২০১৯ খ্রিঃ

নির্বাহী সার-সংক্ষেপ

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রশাসনাধীন ৯ (নয়) টি স্বায়ত্তশাসিত সংস্থা ও নিয়ন্ত্রনাধীন উন্নয়ন প্রকল্প সমূহের ১৭-২০১৮ হিসাব সালের সংগৃহীত তথ্য সমূহ বিশ্লেষণ, ব্লক নির্ধারণ, এ্যাসারশন, ম্যাটেরিয়ালিটি নির্ধারণ ও ভাউচার মুনায়নের মাধ্যমে নির্বাচিত ইউনিটসমূহের ২০-০১-২০১৯ তারিখ আরম্ভ করে ৩০-০৪-২০১৯ তারিখে মাঠ পর্যায়ের নিরীক্ষা সম্পন্ন করা হয়। নিরীক্ষা চলাকালীন নিরীক্ষিত অফিসের আর্থিক ব্যবস্থাপনা বিষয় পরীক্ষা-নিরীক্ষা করা হয়। নিরীক্ষায় যে সকল অনিয়ম পরিলক্ষিত হয়েছে, তা এ নিরীক্ষা প্রতিবেদনে (AIR) এর অন্তর্ভুক্ত করা হয়েছে।

অনুন্নয়ন বাজেটের আওতায় ৯ টি প্রতিষ্ঠান এবং উন্নয়ন বাজেটের আওতায় ১৭ টি উন্নয়ন প্রকল্প সহ মোট ২৬ টি অফিস স্থানীয়ভাবে নমুনায়ন পদ্ধতিতে নিরীক্ষা করা হয়।

বিস্তারিত নিরীক্ষায় রাজস্ব বাজেটের আওতায় ১১১ টি (বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ ২৯ টি, ব্যাসডক ০৭ টি, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘর ০৭ টি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভো থিয়েটার ০৯ টি, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট ০৪ টি, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন ৩৫ টি, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ০৪ টি, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি ১০ টি, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট ০৬ টি) এবং উন্নয়ন বাজেটের আওতায় ২৬ টি (বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ ০৬ টি, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন ১৬ টি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভো থিয়েটার ০১ টি, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘর ০৩ টি) আপত্তি উত্থাপিত হয়। অডিট কোড, ম্যানুয়েল এবং প্রযোজ্য বিধি বিধান অনুসরণ করে প্রতিবেদনের গুণগত মান নিশ্চিত করা হয়েছে এবং একই ধরনের (Same nature) আপত্তি সমূহ একীভূত করে পরিদর্শন প্রতিবেদনে সর্বমোট ১৩৭ টি আপত্তি অন্তর্ভুক্ত করা হয়েছে।

১৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখে পিটিএসটি অডিট অধিদপ্তরে অডিট প্রতিষ্ঠানসমূহের কর্তৃপক্ষের সাথে মহাপরিচালক জনাব মোঃ জাকির হোসেন খান্দকার (পিটিএসটি অডিট অধিদপ্তর) এর নেতৃত্বে নিরীক্ষা দলের একটি সমাপনী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপ-সচিব জনাব এ.কে.এম ফজলুর রহমান এবং প্রশাসনাধীন সংস্থা সমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। নিরীক্ষায় উত্থাপিত আপত্তিসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

নিরীক্ষা প্রতিবেদন টি ২টি অধ্যায়ে বিভক্ত করা হয়েছে। ১ম অধ্যায়ে সূচীপত্র, নিরীক্ষার পটভূমি, নিরীক্ষার উদ্দেশ্য, পরিধি, নির্ণায়কসমূহ, অনিয়মের কারণসমূহ, ম্যানেজমেন্ট ইস্যু, নিরীক্ষার সুপারিশসমূহ সন্নিবেশ করা হয়েছে। ২য় অধ্যায়ের ১ম অংশে অনুচ্ছেদসমূহ এবং ২য় অধ্যায়ের ২য় অংশে পরিশিষ্টসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

নিরীক্ষা বিষয়ক তথ্যঃ

১	মন্ত্রণালয়/বিভাগ	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
২	নিরীক্ষিত প্রতিষ্ঠান	১। বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ২। ব্যাসডক, ৩। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘর, ৪। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভো থিয়েটার, ৫। বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট, ৬। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ৭। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৮। ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, ৯। বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট
৩	নিরীক্ষার সময়কাল	২০/০১/২০১৯ হতে ৩০/০৪/২০১৯।
৪	নিরীক্ষার প্রকৃতি	নিয়মানুগ নিরীক্ষা (Compliance Audit)
৫	নিরীক্ষার বছর	২০১৭-১৮
৬	নিরীক্ষার দল নং	০৩
৭	নিরীক্ষা তথ্যসমূহের ধরন	মৌলিক তথ্য সমূহ।
৮	নিরীক্ষা তথ্য সংগ্রহের কৌশল	চাহিদা পত্র ইস্যুকরণ ও আলোচনার মাধ্যমে তথ্য সংগ্রহ।
৯	নিরীক্ষা দলের দলনেতা ও সদস্যগণের নাম ও পদবী	১। জনাব মোঃ আব্দুল মান্নান, নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, ও দলপ্রধান ২। জনাব প্রভাংশু শেখর তালুকদার, এস এ এস সুপার, সদস্য ৩। জনাব মোঃ আফাজ উদ্দিন সেখ, সুপার- ইনচার্জ, সদস্য ৪। জনাব অমিতাভ বড়ুয়া, অডিটর, সদস্য ৫। জনাব মোহাম্মদ আবু সাজ্জাদ, অডিটর, সদস্য ৬। জনাব মোঃ মাহাবুবুর রহমান, অডিটর, সদস্য ৭। জনাব মোঃ মিজানুর রহমান, নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সদস্য ৮। জনাব মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী, এস এ এস সুপার, সদস্য ৯। জনাব আব্দুল মতিন, সুপার, সদস্য ১০। জনাব মোঃ মিজানুর রহমান, অডিটর, সদস্য ১১। জনাব মোঃ এনামুল হক, অডিটর, সদস্য ১২। জনাব মোহাম্মদ শাহাদাত হোসেন, অডিটর, সদস্য